# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 06 April, 2025

শেরপুরের ঝিনাইগাতী উপজেলার পাইকুরা বাজারে মেলায় জুয়ার আসর উচ্ছেদ করতে যাওয়া ৫ পুলিশের ওপর হামলার খবর পাওয়া গেছে। শনিবার (৫ এপ্রিল) সন্ধ্যার পর ঝিনাইগাতী ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের (বালিয়াচন্ডি) কৃষক লীগের সিনিয়র সহ-সভাপতি আ: করিমের ছেলে মো: আনন্দ আহাম্মেদ, আসাদ মেম্বার ও তার ভাই ইনসানের নেতৃত্বে বেশ কয়েকজনের একটি দল পুলিশের ওপর হামলা চালায়।হামলায় ২ উপ-পরিদর্শক (এসআই) সহ মোট ৫ পুলিশ সদস্য আহত হন বলে জানা গেছে।জানা যায়, প্রতি বছর পাইকুরা বাজারে মেলার নামে জুয়ার আয়োজন করা হয়।

এবারও মেলায় জুয়ার আসর বসে।অভিযোগ উঠেছে যে, মো: আনন্দ আহাম্মেদ, সাবেক আসাদ মেম্বার ও তার ভাই ইনসান এই জুয়ার আসরের আয়োজন করে।খবর পেয়ে ঝিনাইগাতী থানার এসআই মো. হারুন অর রশিদ ও এসআই মনিরুজ্জামানের নেতৃত্বে পুলিশের একটি দল জুয়া বন্ধ করতে গেলে, আনন্দ, আসাদ মেম্বার ও তার ভাই ইনসানের নেতৃত্বে ১৭-১৮ জনের সংঙ্গবদ্ধ দল পুলিশের ওপর উপর্যুপরি হামলা চালায়।এতে এসআই হারুন অর রশিদ, এসআই মনিরুজ্জামান, কনস্টেবল তাজুল, কনস্টেবল শহিদুল ও কনস্টেবল ফরহাদ আহত হন।

আহত পুলিশ সদস্যগণ ঝিনাইগাতী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নেন।ঘটনার সত্যতা নিশ্চিত করে ঝিনাইগাতী থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আল আমিন ইনকিলাবকে বলেন, জুয়ার আসর উচ্ছেদে গিয়ে পুলিশ সদস্যরা হামলার শিকার হয়েছেন।অভিযুক্তদের বিরুদ্ধে রাতেই ২ টি মামলা দায়ের করা হয়েছে এবং রাতেই সাজেদুল ইসলাম (২৩) কে গ্রেপ্তার করা হয়েছে।অন্য আসামীদের গ্রেপ্তারে জোর পুলিশি তৎপরতা অব্যাহত রয়েছে।

পুলিশ ঝিনাইগাতী জুয়ার আসর শেরপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:51

URL: https://www.timestodaybd.com/across-the-country/970528370